

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ২৭ জানুয়ারি, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(আইন অধিশাখা-৪)  
সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তিবাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ সদর উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী  
উপসচিব।

( ১২৪৭ )

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা হবিগঞ্জ

উপজেলা আজমিরীগঞ্জ

ক্রমিক নং	গেজেট প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটে ভুলের বিবরণ ও সংশোধন
১	২	৩	৪
০১	২৪ এপ্রিল, ২০১২	২৪৩৮৭	২৪নং জেএলস্থিত শংকমহল মৌজার ৪১২নং ক্রমিকে ৬৯১নং খতিয়ানে রেকর্ডভুক্ত মালিকের নাম কাত্যায়নী রায় জং বৈকুণ্ঠ নাথ রায়, ব্রজ বিহারী রায় পিং- সূর্যমনি রায়, চিত্তরঞ্জন রায় পিং- চন্দ্র কুমার রায় ও ৬৯২ খতিয়ানে রেকর্ড ভুক্ত মালিক চিত্তরঞ্জন রায়, পিং- চন্দ্র কুমার রায়, সাং জলসুখা হবে। অত্র ক্রমিকের জলসুখা কেজিপি হাই স্কুল কখাটি বাদ যাবে। এ ছাড়া ১২১৭ দাগে মোয়াজি = ০.৪৩ একরের পরিবর্তে ০.০৩ একর হবে।

মোঃ নজরুল ইসলাম (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.b](http://www.bgpress.gov.b)